**কবিতা/গল্প প্রকাশ**
সংবাদপত্রের সাহিত্য পৃষ্ঠায় "কবিতা/গল্প" প্রকাশিত করতে যোগাযোগ নং- ৯০৬২৮৬৭৯২১
* * * * * * * * * * * * * * * * * * * * * *

হাওড়া থেকে প্রকাশিত বাংলা দৈনিক
# এই যুগ
EI YUG



"ওঠো , জাগো , লক্ষ্যে না পৌঁছানো পর্যন্ত থামো না "
- স্বামী বিবেকানন্দ

ইন্টারনেট সংস্করণ : eiyug.in [ PRICE। মূল্য-2 টাকা ]
HOWRAH । হাওড়া DAILY।দৈনিক RNI:WBBEN/2020/81746 28 JUNE 2025 , SATURDAY । ২৮ জুন ২০২৫ , শনিবার VOLUME । বর্ষ-5 ISSUE । সংখ্যা-316 PAGE । পৃষ্ঠা-4

## রথযাত্রার সূচনা করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়



এই যুগ , পূর্ব মেদিনীপুর ,২৭ জুন : পূর্ব মেদিনীপুরের দিঘায় বাংলার মানুষের হৃদয়ের মণী মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে প্রথমবার জগন্নাথ দেবের রথযাত্রা অনুষ্ঠিত হল। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় শুক্রবার দিঘার রথযাত্রার সূচনা করেন। রথযাত্রার শুরুতে নারকেল ফাটিয়ে এবং সোনার ঝাড়ু দিয়ে ঝাঁট দেওয়ার মধ্যে দিয়ে কর্মসূচি মুখ্যমন্ত্রী শুরু করেন। এরপর রথের সামনে দাঁড়িয়ে উপাসনা করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।দিঘায় জগন্নাথ মন্দিরের রথযাত্রার সূচনা করতে বুধবারই পৌঁছে গিয়েছিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এই প্রথম দিঘায় রথযাত্রা উপলক্ষে বিভিন্ন জেলা থেকে লাখ লাখ মানুষ দিঘায় গিয়ে ভিড় করেছেন। ফলে শুক্রবার ভোর থেকেই দিঘা ছিল জমজমাট। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেন , "আপনারা যারা ব্যারিকেডে দাঁড়িয়ে আছেন , ব্যারিকেডে যে দড়িটা আছে , সেই দড়ি কিন্তু জগন্নাথ-বলরাম-শুভদ্রার রথের সঙ্গে স্পর্শ করা আছে। আপনার ব্যারিকেডে স্পর্শ করা ওই দড়িটাই ছুঁতে পারলেই , মনে রাখবেন , সবাই আপনারা রথযাত্রার দড়ি আপনারা ছুঁতে পারছেন।"দিঘার পুরনো জগন্নাথ মন্দিরের পাশেই মাসির বাড়ি রয়েছে। রথের রুট অনুযায়ী , প্রায় এক কিলোমিটার দূরে মাসির বাড়িতে যাবেন জগন্নাথ , বলরাম ও শুভদ্রা। পুরীর রথযাত্রা সব সমস্ত জায়গায় রথযাত্রায় প্রথমে বলরামের রথ টানা হয়। এরপর একে একে শুভদ্রা ও জগন্নাথের রথ টানা হয়। এখানেও সেই পুরীর নিয়ম অনুসরণ করা হয়েছে হবে জানা গেছে।দিঘায় জগন্নাথ মন্দির হওয়ায় গোটা বঙ্গে খুশীর হাওয়া। গোটা বিশ্বের বাঙালিদের কাছে আজকের দিনটা আবেগের দিন।

## আলুর বস্তায় করে পাচারের পথে উদ্ধার একশো ছত্রিশ কেজি গাঁজা ,গ্রেপ্তার দুই



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ , কোচবিহার , ২৭ জুন: এ যেনো হিন্দি সিনেমার চিত্রনাট্য , ট্রাকে বোঝাই আলুর বস্তা আর আলুর বস্তার ভেতরে করে গাঁজা পাচারের ছক কষেছিলো পাচারকারীরা। কিন্তু পুলিশের অভিযানে ভেস্তে গেলো পাচারের ছক। গোপন সুত্রে খবরের ভিত্তিতে কোচবিহার কোতোয়ালি থানার আই সি তপন পালের নেতৃত্বে অভিযান চালিয়ে পুলিশ কর্মীরা কোচবিহার শহর লাগোয়া গুটকাবাড়ি এলাকায় ট্রাকটি আটক করে তল্লাশী চালান। তল্লাশীতে আলু ভর্তি বস্তা থেকে উদ্ধার হয় গাঁজার প্যাকেট। গ্রেপ্তার করা হয় দুজনকে। ধৃতরা উত্তর দিনাজপুরের বাসিন্দা বলে জানা গেছে। তারা কোচবিহার থেকে আলুর বস্তার ভেতরে করে গাঁজা পাচারের ছক কষেছিলো। এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে গাঁজা বাজেয়াপ্ত করা হয়। ধৃতদের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে আগামীকাল তাদের আদালতে পেশ করা হবে। উদ্ধার করা গাঁজার পরিমান একশো ছত্রিশ কেজি। পুলিশ ধৃতদের নাম গোপন রেখে ঘটনার তদন্ত শুরু করেছে।

## ডিএ দিতে ফের সময় চেয়ে সুপ্রিম কোর্টে আবেদন রাজ্যের



এই যুগ , দিল্লি ,২৭ জুন : মহার্ঘ ভাতা মিটানোর জন্য সুপ্রিম কোর্টের কাছে আরও ছয়মাস সময় চেয়ে আবেদন করা হল রাজ্য সরকারের তরফে। রাজ্য সরকারি এবং সরকারি সাহায্যপ্রাপ্ত প্রতিষ্ঠানের কর্মীদের বকেয়া ডিএ-র ২৫ শতাংশ মিটানোর জন্য সুপ্রিম কোর্ট রাজ্যকে যে ছয় সপ্তাহের সময়সীমা বেঁধে দিয়েছিল , সেই সময়সীমা আজ শেষ হয়। রাজ্য এদিন সরকার সুপ্রিম কোর্টে একটি আবেদন পেশ করে জানিয়েছে যে , বর্তমানে রাজ্যের আর্থিক সঙ্কট চলছে। এই কারণে বকেয়া ডিএ-র ২৫ শতাংশ মিটানোর জন্য তাঁদের আরও বেশি সময়ের প্রয়োজন। এছাড়াও , রাজ্য সুপ্রিম কোর্টের অন্তর্বর্তী নির্দেশ পুনর্বিবেচনার জন্যও আবেদন করেছে। আবেদনে তাঁরা একইসঙ্গে জানিয়েছে যে , বকেয়া ডিএ-র ২৫ শতাংশ সরাসরি আদালতের তহবিলে জমা দিতে রাজ্য সরকার প্রস্তুত রয়েছে। তবে ঠিক কী কারণে তাঁরা এই মুহূর্তে বকেয়া ডিএ-র ২৫ শতাংশ দিতে পারছে না , সেই বিষয়েও বিস্তারিত তথ্য আদালতে পেশ করেছে রাজ্য সরকার।

## চালকের তৎপরতায় বড়োসড়ো দূর্ঘটনার হাত থেকে রক্ষা পেলো দানাপুর ক্যাপিটাল এক্সপ্রেস



সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ জুন : শুক্রবার দুপুরে চালকের তৎপরতায় বড়োসড়ো দুর্ঘটনার কবল থেকে রক্ষা পেলো গৌহাটি দানাপুর ক্যাপিটাল এক্সপ্রেস। জানা গেছে এদিন ট্রেনটি নিউ আলিপুরদুয়ার স্টেশন ছেড়ে যাবার পর মাদারীহাটের কাছে হঠাৎ করে ট্রেনের দুটি বগির মাঝখান থেকে ধোঁয়া বেরোতে থাকে। চালক বিষয়টি টের পেয়ে মুজনাই স্টেশনে ট্রেন দাঁড় করিয়ে স্টেশন মাস্টার কে বিষয়টি জানান। ততক্ষনে যাত্রীদের মধ্যে ছড়িয়েছে ব্যপক আতঙ্ক। আতঙ্কিত যাত্রীরা ট্রেন থেকে নেমে পড়েন। খবর দেওয়া হয় দমকল কেন্দ্রে। দমকল কর্মীরা ঘটনাস্থলে পৌঁছানোর আগেই রেল কর্মীরা ধোঁয়া বেরোনো বন্ধ করে দেন।খবর পেয়ে রেলের আধিকারিকগন মুজনাই স্টেশনে পৌঁছান। তারা জানান ট্রেনের দুটি বগির মাঝে ব্রেক বাইন্ডিং এ ঘর্ষনের ফলেই এই ধোঁয়া বেরোচ্ছিলো। রেল কর্মীরা ব্রেক বাইন্ডিং এর মেরামতি করার পর ট্রেনটি এক ঘন্টা দেরীতে মুজনাই স্টেশন ছেড়ে দানাপুরের উদ্দেশ্যে রওনা হয়ে যায়। রেল আধিকারিকগন জানান ব্রেক বাইন্ডিং এর গোলযোগ অভিপ্রেত নয় , এরকম কেন হয়েছে সে বিষয়ে তদন্ত শুরু করা হয়েছে। যাত্রীরা জানান ধোঁয়া বেরোতে দেখে তারা আগুনের ভয়ে আতঙ্কিত হয়ে পড়েন। তবে চালক ঠিক সময়ে টের পেয়ে ট্রেনটি দাঁড় করিয়ে দেওয়াতে বড়োসড়ো দূর্ঘটনা ঘটেনি।

## জেলার কথা

# আলিপুরদুয়ার দুর্গাবাড়ীতে রথ যাত্রার প্রসাদ বিতরণ করলেন মহকুমা শাসক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ জুন : আলিপুরদুয়ার জেলার সবচেয়ে বড় রথযাত্রা উপলক্ষে জনসমাগম হয় আলিপুরদুয়ার দুর্গাবাড়ি এলাকায়। জানা গেছে সকাল থেকেই ভক্তবৃন্দের ভিড় ছিল চোখে পড়ার মতো দুর্গা বাড়ী এলাকায়। আলিপুরদুয়ার দুর্গাবাড়ীর রথ মানেই জনজোয়ার। এদিন বিকেলে রথ নিয়ে বের হন দুর্গাবাড়ী কমিটি। হাজার হাজার লোকের সমাবেশ হয় রথ উপলক্ষ্যে দুর্গা বাড়ীতে। দুর্গা বাড়ীর রথের দড়িতে টান দিতে ভক্তবৃন্দের ভিড় উপচে পড়েছে। এদিন আলিপুরদুয়ার দুর্গা বাড়ির রথ নিয়ে বের হওয়ার সময় উপস্থিত ছিলেন আলিপুরদুয়ার পৌরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ কর মহকুমা শাসক দেবব্রত রায় সহ আলিপুরদুয়ার জেলা শহরের বিভিন্ন প্রশাসনিক কর্তারা। মহকুমা শাসক নিজের হাতে জগন্নাথ দেবের প্রসাদ বিতরণ করেন ভক্তবৃন্দদের মধ্যে।

## কাগজের নৌকা

২৮ জুন ২০২৫ , শনিবার

### ঠিকানা

আশীষ কুমার কুন্ডু
( ব্যারাকপুর , পশ্চিমবঙ্গ )

ঠিকানা নিয়ে কবুতর , পাখা মেলে আকাশে যে ওড়ে ,
গগন -পানে শুধুই চেয়ে থাকে ,আকাশ কি সেটা জানে !
কোথাও বাঁজলে যে মেঘের নুপুর ,
পদ্ম পাতায় টলমল করে বিষাদ দুপুর ,
জলের আয়নায় কাজল এঁকেছে ,
অভিমানে নয়ন- যুগল বড্ড যে সেজেছে ,
সুখ-দুঃখের সবটুকু যে স্মৃতি হয়ে থাকে ,
হয়তো বা শূন্যে যাযাবরের মতো ঘোরাফেরা করে ,
ওই তীর ভাঙা গাঙ্গে ,অবহেলায় রসস্তটুকু ,
স্মৃতি হয়ে থাকে ,যদি আসে কোন ঠিকানা ,
হয়তো বা শূন্যে ছুঁড়ে ফেলে দেবে ,
বিষাদময় স্মৃতির মায়া , আঁকা স্মৃতি হয়ে থাকে ,
শেষ পাতায় যাতনা- গুলো ,বেল কাঁটার মত বিদ্য হয় ,
নির্জনে বসে অনুযোগের হালকা ছিল রেশ ,
আকাশ জুড়ে জোৎস্না ছিল বেশ ,
চাঁদের অকাল অমাবস্যার রাতে ,
নালিশের আজ দেখেছি বান ,
মেঘ যখন ব্যস্ত তারই উদযাপনে ,
আঙ্গুল ছোঁয়ার ওই স্বপ্ন-শিহরণ ,
আড়ালে রয়েছে তার স্পর্শকাতর মন।
মেঘের কোলে আছে যে বসত ঘর ,
দিগন্ত-পানে ভোরের মুখ প্রসারিত ,
চাঁদ যে এখন ওই অভিমানেই উল্লোষিত।।

# নাবালিকার মৃত্যুকে ঘিরে রহস্য পূর্ব চেপানিতে




মলয় দেবনাথ ,এই যুগ , আলিপুরদুয়ার ,২৭ জুন : আলিপুরদুয়ার-২ নম্বর ব্লকের পূর্ব চেপানি এলাকায় বাড়ি থেকে উদ্ধার হল এক নাবালিকার ঝুলন্ত দেহ। শুক্রবার দুপুর ২টা নাগাদ দেহ ময়নাতদন্তের জন্য আলিপুরদুয়ার জেলা হাসপাতালে পাঠাল কামাখ্যাগুড়ি ফাঁড়ির পুলিশ। জানা গিয়েছে , মৃতার নাম রিয়া দাস , বয়স ১৫। বৃহস্পতিবার রাতে রিয়াকে তার ঘরে ঝুলন্ত অবস্থায় দেখেন পরিবারের সদস্যরা। সঙ্গে সঙ্গে তাকে উদ্ধার করে কামাখ্যাগুড়ি গ্রামীণ হাসপাতালে আনা হয়। কর্তব্যরত চিকিৎসক রিয়াকে মৃত বলে ঘোষণা করেন। খবর পেয়ে হাসপাতাল থেকে রাতেই মৃতদেহ উদ্ধার করে কামাখ্যাগুড়ি ফাঁড়ির পুলিশ। পুলিশ জানিয়েছে , একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে ঘটনার তদন্ত শুরু করা হয়েছে। শুক্রবার তার মৃতদেহ জেলা হাসপাতালের মর্গে ময়নাতদন্তের পর পরিবারের হাতে তুলে দেওয়া হয়েছে।

# আলিপুরদুয়ার ২ ব্লকে ম্যালেরিয়ায় আক্রান্ত ১৯ জন




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ জুন : ম্যালেরিয়ায় আক্রান্ত ১৯ জন। আক্রান্ত পরিবারগুলির বাড়ি থেকে মশা সংগ্রহ করলেন স্বাস্থ্য দপ্তরের কর্মকর্তারা। ব্যাপক পরিমাণে ম্যালেরিয়া ছড়িয়েছে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকে এমনটাই জানা গেছে আলিপুরদুয়ার ২ নম্বর ব্লকের স্বাস্থ্য আধিকারিক এর কাছ থেকে ।শুক্রবার বিকেল ছটা পর্যন্ত মোট ম্যালেরিয়ায় আক্রান্ত হয়েছে ১৯ জন। আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের মাঝের ডাবরি গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন এলাকায় ছড়িয়ে পড়েছে ম্যালেরিয়া। একই পরিবারের একাধিক ব্যক্তি ম্যালেরিয়ায় আক্রান্ত হওয়ার পর নড়েচড়ে বসেছে আলিপুরদুয়ার জেলা স্বাস্থ্য দপ্তর। জেলা স্বাস্থ্য দপ্তরের একটি বিশেষ টিম আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের বিভিন্ন প্রান্তে ঘুরে মশা সংগ্রহ করেছে। স্বাস্থ্যকর্তার কাছ থেকে জানা গেছে গত তিনদিন আগে যশোডাঙ্গা গ্রামীণ হাসপাতালে দুজন ভর্তি ছিল ম্যালেরিয়া নিয়ে। শুক্রবারেই তাদেরকে ছুটি দেওয়া হয়েছে। এদিকে শুধু মাঝেরডাবড়ী গ্রাম পঞ্চায়েত নয় শামুকতলা থানার চা বাগান এলাকা গুলোতেও ম্যালেরিয়ার প্রকোপ দেখা দিয়েছে বর্ষা শুরু হওয়ার আগেই। স্বাস্থ্য কর্তা অর্পণ কুমার বিষয়ী জানিয়েছেন নজরদারি চালানো হচ্ছে বিভিন্ন এলাকায় ম্যালেরিয়া ঠেকাতে।



# সাউথ ক্যালকাটা ল' কলেজে ছাত্রীর গণধর্ষণের ঘটনায় অভিযুক্তদের শাস্তির দাবিতে বিক্ষোভ স্টুডেন্ট ফ্রন্টের



এই যুগ , কলকাতা ,২৭ জুন : সাউথ ক্যালকাটা ল' কলেজে গণধর্ষণের সঙ্গে যুক্ত তৃণমূল ছাত্র পরিষদের নেতা মনোজিৎ মিশ্র সহ অন্য দুষ্কৃতীদের দৃষ্টান্তমূলক শাস্তি এবং সন্ত্রাস ও ভয় মুক্ত ক্যাম্পাসের দাবিতে শুক্রবার সন্ধ্যায় স্টুডেন্ট ফ্রন্টের কর্মীরা কসবা থানার সামনে শান্তিপূর্ণ বিক্ষোভ কর্মসূচি দেখালে পুলিশ গ্রেফতার করে। যদিও এদিনের ঘটনায় তীব্র নিন্দা করেছে আইএসএফ। অবিলম্বে ছাত্রদের নিঃশর্ত মুক্তির দাবি জানিয়ে তারা।

# রথযাত্রা অনুষ্ঠানে বিজেপির তৃণমূল নেতৃত্বরা পাশাপাশি




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ জুন : কথায় বলে ব্যবসা গাড়িতে বন্ধুত্ব বাড়িতে। রাজনীতির ময়দানে নামার পর এক ইঞ্চি জায়গা কেউ ছাড়তে রাজি নন। আর জগন্নাথ দেবের রথযাত্রা অনুষ্ঠানে রাজনীতি ভুলে কি পাশাপাশি বসে আলোচনা এ মাতলেন বিজেপি এবং তৃণমূলের শীর্ষ নেতারা। আলিপুরদুয়ার দুর্গাবাড়ি চার নম্বর ওয়ার্ডে নেতাজী রোড জগন্নাথ দেবের রথযাত্রা উপলক্ষ্যে একই মঞ্চে বিজেপির সাংসদ থেকে শুরু করে তৃণমূলের বিধায়ক সহ পৌরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ কর। এমনটাই দেখা গেছে ইসকন নামহট্টের চতুর্থ বর্ষ রথযাত্রা অনুষ্ঠানে। প্রচুর পরিমাণে ভক্তদের সমাগম হয়েছে জানা গেছে শুক্রবার বিকেল চারটে নাগাদ। রথযাত্রার পবিত্র দিনে বিজেপির সাংসদ এবং তৃণমূলের বিধায়ক আলিপুরদুয়ার প্যারেড গ্রাউন্ড নিয়ে একান্তে কথা বলেন তারা। রথযাত্রাকে কেন্দ্র করে আলিপুরদুয়ার জেলা শহরে কড়া নিরাপত্তা দেখা গেছে পুলিশের।

# ভয়াবহ দুর্ঘটনায় মৃত্যু দুজনের



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ জুন : বীরপাড়া এলাকায় ভয়াবহ পথ দুর্ঘটনায় আহত তেরো জন মৃত দুই জন। শুক্রবার সন্ধ্যায় এই ঘটনায় ব্যাপক চ্যাঞ্চল্য ছড়িয়েছে বীরপাড়া এলাকায়। জানা গিয়েছে বীরপাড়া থেকে ফালাকাটা গামী একটি বেসরকারি বাস ফালাকাটার দিকে যাচ্ছিল বীরপাড়া থেকে ফালাকাটা দিকে কিছুদূর যাওয়ার পর বাসের সামনে একটি বাইক চলে আসে এবং বাইক আরোহীকে বাঁচাতে গিয়ে বাসটি নিয়ন্ত্রণ হারিয়ে উলটে যায়। এই ঘটনায় বাসে থাকা দুজন যাত্রী ঘটনাস্থলেই মৃত্যু হয়। এছাড়া আহত হয় মোট তেরোজন। দুজন বাইক আরোহী আহত হয়।ঘটনাস্থলে বীরপাড়া থানার পুলিশ গিয়ে আহতদের উদ্ধার করে বীরপাড়া রাজ্য সাধারণ হাসপাতালে নিয়ে আসে। আহতদের হাসপাতালে চিকিৎসা চলছে।



EI YUG । EDITOR - SUROJIT MALICK । OWNER - SUROJIT MALICK । PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , PIN-711403 ,STATE-WEST BENGAL । PRINTED BY SUROJIT MALICK AT " EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , STATE-WEST BENGAL ,PIN-711403 । CONTACT NO- 9062867921 ,9836753661 EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM । RNI : WBBEN/2020/81746 ।